

কৃষি বিজ্ঞপ্তি

প্রচার ধারনঃ চাষাবাদ
প্রচার তারিখঃ ৫,৬,৭/০১/২৬

কৃষি তথ্য সার্ভিস, খুলনার এক বিজ্ঞপ্তিতে অতিরিক্ত ঠান্ডাজনিত কারনে বোরো বীজতলা রক্ষায় করণীয় সম্পর্কে চাষীভাইদের প্রয়োজনীয় তথ্য জানিয়ে দেয়া হচেছ- এ সময় বোরো বীজতলার বিশেষ যত্ন নেয়া দরকার। অতিরিক্ত শীতের প্রকোপের কারনে বোরো বীজতলায় বিভিন্ন প্রকার ছত্রাকজনিত রোগের আক্রমণ হতে পারে যেমন- চারা হলদে হওয়া, চারার গোড়া পঁচা, ধসে পড়া, পাতা পঁচা, পাতা ঝলসানো রোগ এ সব অন্যতম। এ জন্য কৃষক ভাইদের যে সকল কাজগুলো করতে হবে তা হলো-

* সাধারণভাবে বীজতলায় ১-২ ইঞ্চি পানি ধরে রাখতে হবে। বীজতলার পানি সকালে বের করে দিয়ে আবার সন্ধ্যায় নতুন পানি ভরে দিতে হবে।

* শৈত্য প্রবাহের সময় বীজতলা স্বচ্ছ পলিথিন দিয়ে সকাল ১০/১১ টা থেকে সন্ধ্যা পর্যন্ত ঢেকে রাখতে হবে এবং সূর্য ডোবার সাথে সাথে পলিথিন তুলে দিতে হবে।

* প্রতিদিন সকালে রসি টানা দিয়ে চারা থেকে কুয়াশার পানি ফেলে দেয়া দরকার।

* চারা হলদে হয়ে গেলে প্রতি বর্গমিটারে ৭ গ্রাম ইউরিয়া ও উপরি প্রয়োগ করতে হবে। এরপর ও যদি চারা সবুজ না হয় তাহলে প্রতি বর্গমিটারে ১০ গ্রাম করে জিপসাম দিতে হবে।

* বীজতলায় চারার গোড়া পঁচা বা পাতা পঁচা রোগ দেখা গেলে কার্বেন্ডাজিম বা ম্যানকোজেব গ্রুপের ছত্রাকনাশক প্রতি ১ লিটার পানিতে ২ গ্রাম হারে মিশিয়ে স্প্রে করতে হবে।

* ঠান্ডার কারনে চারায় ধসে পড়া রোগ দেখা দিলে বীজতলা থেকে পানি সরিয়ে দিতে হবে।

* চারা রোপনের সময় শৈত্যপ্রবাহ থাকলে কয়েকদিন দেরি করে চারা রোপন করা প্রয়োজন। মনে রাখা দরকার সুস্থ-সবল চারা অধিক ফলনের পূর্বশর্ত।

প্রচারে : কৃষি তথ্য সার্ভিস, খুলনা।

১৭/০১/২৬
(কৃষিবিদ শারমিনা শামিম)
আঞ্চলিক বেতার কৃষি অফিসার
কৃষি তথ্য সার্ভিস,
খুলনা।